

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৭.৪১.০৪৪.১৯. ৩৩৩


তারিখ: ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

বিষয়ঃ সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্রঃ উদ্যান উন্নয়ন বিভাগের স্মারক নং- ১২.২০৭.০১৮.০০.০০.০২৮.২০১৭.১০৩; তারিখঃ ২৯ মার্চ ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে বিএডিসি'র অফিসিয়াল YouTube Channel খোলাসহ প্রাসঙ্গিক কার্যক্রম সম্পাদনে ০২ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে।


(এস এ এম সিজিবি)

জনসংযোগ কর্মকর্তা ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি
বিএডিসি, ঢাকা
ফোন: ০২-২২৩৩৫৭৬৮৫

বিতরণ (কার্যার্থে- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ড. মোঃ ইসবাত, মহাব্যবস্থাপক (উদ্যান) ও আহ্বায়ক YouTube Channel গঠন সংক্রান্ত কমিটি, বিএডিসি, ঢাকা।
- ২। মোঃ আজিম উদ্দিন, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৩। মর্শাম্মদ বদিউল আলম সরকার, প্রধান প্রকৌশলী (সেচ), সেচ বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৪। মোঃ জান্নাতুল মিয়া, প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৫। ড. মোঃ সাইদুল ইসলাম, উপপরিচালক (সবজি বীজ), বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।

অনুলিপিঃ (অবগতির জন্য)

- ১। প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ২। সম্মানিত চেয়ারম্যান, বিএডিসি'র একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

বিএডিসি'র অফিসিয়াল YouTube Channel খোলাসহ প্রাসঙ্গিক কার্যক্রম সম্পাদনে গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি: মহাব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি, ঢাকা।

সভার তারিখ ও সময়: ০২ এপ্রিল ২০২৬ (বৃহস্পতিবার), দুপুর ২.৩০ ঘটিকা।

স্থান: মহাব্যবস্থাপক (উদ্যান) এর দপ্তর, কৃষি ভবন, বিএডিসি, ঢাকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতেই সভাপতি ও মহাব্যবস্থাপক (উদ্যান) বলেন যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কৃষি মন্ত্রণালয়াদীন একটি ঐতিহ্যবাহী এবং সর্বাধিক প্রচীনতম প্রতিষ্ঠান। কৃষি ও কৃষকের উন্নয়নে সংস্থাটির রয়েছে অপরিসীম ভূমিকা। কৃষি ব্যবস্থাপনার সকল উপকরণ যেমন: মানসম্পন্ন বীজ, চারা কলম ও গুটি, সেচ সুবিধাদি এবং সুষম সার কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিয়ে সারা দেশের কৃষকদের নিকট হয়ে উঠছে একটি সমাদৃত প্রতিষ্ঠান। এর কার্যক্রম আরো বহুলভাবে প্রচার ও প্রসারের লক্ষ্যে সংস্থার অভ্যন্তরীণ এডিপি সভায় সিদ্ধান্ত হয় যে, বিচ্ছিন্নভাবে YouTube Channel চালু না করে কেন্দ্রীয়ভাবে একটি YouTube Channel চালু করে এর কনটেন্ট তৈরিপূর্বক YouTube Channel এ আপলোড করতে হবে।

২। সভায় সভাপতি আরো বলেন যে, ইতোমধ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টির উপর একটি ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। বিগত ২৫/০৩/২০২৬ তারিখে অনুষ্ঠিত এডিপি সভায় বিষয়টির অগ্রগতির ক্ষেত্রে আলোচনা হলে চেয়ারম্যান, বিএডিসি; মহাব্যবস্থাপক (উদ্যান) প্রদত্ত YouTube Channel এর বিভিন্ন শিরোনামে পর্যালোচনা করেন এবং “বিএডিসি কৃষিসেবা” শীর্ষক শিরোনামে একটি YouTube Channel খোলার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন এবং উপস্থিত সকল সদস্যগণকে বিষয়টি অবহিত করেন।

৩। এর পরিপ্রেক্ষিতে তিনি আরো বলেন যে, YouTube Channel খোলা ও কনটেন্ট তৈরি করার ক্ষেত্রে জনসংযোগ কর্মকর্তা ও আইসিটি সেলের প্রোগ্রামার এবং উপপরিচালক (সবজি বীজ), বিএডিসি, গাবতলী কে কো-অপ্ট করার প্রয়োজনীয়তা তুলে ধরলে উপস্থিত সদস্যগণ বিষয়টির ক্ষেত্রে সহমত পোষণ করেন এবং অতি দ্রুততার সহিত “বিএডিসি কৃষিসেবা” শিরোনামে একটি YouTube Channel খোলার জন্য সদস্যগণের দৃষ্টি আর্কষণ করেন।

৪। আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্যগণ জানান যে, ইতোমধ্যে মহাব্যবস্থাপক (উদ্যান) এর উদ্যোগে বিটিভি'র মাধ্যমে মাটি ও মানুষ শিরোনামে প্রায় ১৯টি প্রামাণ্য চিত্রগুলো নতুন YouTube Channel এ আপলোড করা যেতে পারে। তবে এক্ষেত্রে বিটিভি'র কাছ থেকে একটি অনাপত্তি পত্র (NoC) সংগ্রহ করতে হবে অর্থাৎ বিটিভি'র মাধ্যমে নির্মিত প্রামাণ্য চিত্রসমূহ বিএডিসি'র YouTube Channel এ আপলোড করার ক্ষেত্রে বিটিভি'র কোন আপত্তি থাকবে না মর্মে সিদ্ধান্ত চেয়ে বিটিভি'র অনুকূলে পত্র প্রদান করতে হবে।

৫। পরিশেষে, সভায় নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক) অতি দ্রুততার সহিত “বিএডিসি কৃষিসেবা” শিরোনামে একটি YouTube Channel খুলতে হবে;

খ) বিটিভি'র মাধ্যমে মাটি ও মানুষ শিরোনামে নির্মিত প্রামাণ্য চিত্রসমূহ আপলোড করার লক্ষ্যে বিটিভি'র নিকট হতে একটি অনাপত্তি পত্র (NoC) সংগ্রহকল্পে ইংরেজিতে বিটিভি কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে পত্র প্রদান করতে হবে;

গ) YouTube Channel চালুসহ অন্যান্য বিষয়ে আরো সুষ্ঠুভাবে/কার্যকরভাবে সম্পাদনে জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, প্রোগ্রামার, আইসিটি সেল এবং উপপরিচালক (সবজি বীজ), বিএডিসি, গাবতলী, ঢাকা কে কো-অপ্ট করা হলো;

ঘ) সভায় আর কোনা আলোচ্য না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ ইসবাত)

মহাব্যবস্থাপক (উদ্যান) ও আহ্বায়ক

YouTube Channel গঠন সংক্রান্ত কমিটি

বিএডিসি, ঢাকা।